

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)


নং-৪৫.১৪২.১১৬.০০.০০২.২০১৫-৭৯

তারিখঃ ২৪.০১.২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ পটুয়াখালী মেডিকেল কলেজের শিক্ষকগণকে (প্রভাষক হতে অধ্যাপক পর্যন্ত) একাডেমিক কার্যক্রমের পাশাপাশি পটুয়াখালী জেলা সদর হাসপাতালে চিকিৎসা সেবার দায়িত্ব পালন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, গত ২৩/০১/২০১৭ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী, সচিব মহোদয়, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরসহ মন্ত্রণালয়ের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে বিভিন্ন জেলার সিভিল সার্জন, বিভাগীয় পরিচালক এবং মেডিকেল কলেজের অধ্যক্ষগণের সাথে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। উক্ত ভিডিও কনফারেন্সের প্রেক্ষিতে পটুয়াখালী জেলা সদর হাসপাতালের স্বাস্থ্য সেবা পরিস্থিতি উন্নয়নের বিষয়ে কনফারেন্সে গুরুত্বারোপ করা হয়।

২। এমতাবস্থায়, পটুয়াখালী মেডিকেল কলেজে পদায়নকৃত বেসিক সাবজেক্টসহ বিভিন্ন বিভাগের কর্মকর্তাগণ (প্রভাষক, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও অধ্যাপক) একাডেমিক কার্যক্রমের পাশাপাশি পটুয়াখালী জেলা সদর হাসপাতালে চিকিৎসা সেবা প্রদান করবেন। এ বিষয়ে অধ্যক্ষ ও তত্ত্বাবধায়ক সমন্বয় সাধন করে আগামী ৩০/০১/২০১৭ তারিখের মধ্যে দায়িত্ব প্রদানের ব্যবস্থা গ্রহণ করে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

  
(মইনউদ্দিন আহমদ)  
যুগ্মসচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৪

- ১। অধ্যক্ষ, পটুয়াখালী মেডিকেল কলেজ, পটুয়াখালী।
- ২। তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, পটুয়াখালী।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সিভিল সার্জন, পটুয়াখালী।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপসচিব, পার-৩ অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।